বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

সংগ্রহ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন (৮ম তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন নম্বরঃ ০২-৮৯০০৩৫৯।
**E–mail: rebprocure@yahoo.com**

স্মারক নং-২৭.১২.০০০০.০১৯.০৭.০১১.২৪.৬০৯

তারিখঃ ০২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**M/S Iconic Engineering & Trading Company**
Islam Plaza (6th Floor), Plot-7
Mani Road-3, Section-7, Pallabi
Mirpur, Dhaka-1216
E-mail: info@iconic.com.bd

বিষয়: কালো তালিকাভুক্তি (Debar) করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে উল্লেখ্য যে, টেন্ডার প্যাকেজ নং-PBSF-G-191 এর বিপরীতে Line Tools (Lot) ক্রয়ের লক্ষ্যে আহ্বানকৃত দরপত্রে আপনারাসহ মোট ০৩ (তিন)টি দরদাতা প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। দাখিলকৃত দরপত্রসমূহ মূল্যায়নপূর্বক নিয়মানুযায়ী বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বোর্ড সভায় উপস্থাপনের প্রাক্কালে বোর্ডের চেয়ারম্যান মহোদয় বরাবর আপনারা বর্ণিত প্যাকেজ নং-PBSF-G-191 এর মূল্যায়নে Unusual Evaluation Process অনুসরণপূর্বক PGCB-তে একই ধরণের মালামাল সরবরাহের কাগজাদিসহ অভিযোগ উত্থাপন করেন। উক্ত অভিযোগের বিষয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনপূর্বক পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় আপনাদের উত্থাপিত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি বরং PGCB-তে মালামাল সরবরাহের যে ডেলিভারী চালান আলোচ্য অভিযোগের সাথে সংযুক্ত করেছিলেন বাস্তবে তার মিল পাওয়া যায়নি অর্থাৎ উত্থাপিত অভিযোগের সাথে আপনারা যে কাগজাদি দাখিল করেন (ডেলিভারী চালানের Ref. No.: ICONIC/PGCB/22688, Date: 20 January 2024), সে প্রেক্ষিতে পিজিসিবি'র সংশ্লিষ্ট ক্রয়কারী অফিসের নথি হতে প্রাপ্ত চালানের Ref. No. একই হলেও চালানে উল্লেখিত মালামালের Manufacturer প্রতিষ্ঠান হিসেবে Klein Tools উল্লেখ রয়েছে। এতে প্রতীয়মান হয় যে, আপনারা অসত্য ও Manipulated তথ্য উপস্থাপন করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডকে বিব্রত এবং বোর্ডের ভাবমূর্তি ক্ষুন্ন করেছেন। তাছাড়া, দরপত্রে অংশগ্রহণকালে Manufacturer প্রতিষ্ঠান হিসেবে আপনারা US Tools LLC, USA এর অথরাইজেশন দাখিল করেছেন; যা পরবর্তীতে US Embassy কর্তৃক যাচাই করতঃ জানা যায় যে, US Tools LLC, USA একটি Dissolved প্রতিষ্ঠান।

এমতাবস্থায়, এ ধরনের অসত্য তথ্য সম্বলিত দরপত্র দাখিল এবং তা মূল্যায়নকালে Manipulated তথ্য সম্বলিত অভিযোগ বোর্ডের নিকট উপস্থাপন করায় পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ (২) (খ) এবং সংশ্লিষ্ট টেন্ডার ডকুমেন্টের আইটিটি ক্লজ নং-4(d) অনুযায়ী প্রতারণামূলক কার্য সম্পাদন করায় আপনাদের বিরুদ্ধে পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ (৩) (৪) (গ) (৬) (৮) অনুযায়ী আগামী ০২ (দুই) বছর মেয়াদের জন্য কালো তালিকাভুক্তি (Debar) করা হলো।

বোর্ডের অনুমোদনক্রমে।

১৬।১।২০২৫

(আরমান আহসান)
পরিচালক (সংগ্রহ)

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সদস্য (বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ/সমিতি ব্যবস্থপনা/প্রশাসন), বাপবিবো, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
৩। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পরিচালন, রক্ষাণাবেক্ষণ ও বিতরণ/ পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো, ঢাকা।
৬। পরিচালক/প্রকল্প পরিচালক, সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস, বাপবিবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিপিপিএ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭। | বিপিপিএ এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

16-01-2025
(মোঃ মিজানুর রহমান)
সহকারী পরিচালক (প্রশাসন)

D:\Mohsin\Letter Black List.docx